

 গণপ্রজাতন্ত্রী
 বাংলাদেশ
 সরকার
 ২০-০১-২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
 প্রবিধি অনুবিভাগ
 প্রবিধি-৩ অধিশাখা
[website: www.mof.gov.bd](http://www.mof.gov.bd)


নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৬.১৪-৫২

১২/০৩/১৪২৫ বঙ্গ
 তারিখঃ-----
 ২৬/০৬/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মোবাইলফোন ও মোবাইল ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০৪ জুন, ২০১৮
তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৮নং স্বারকে জারীকৃত 'সরকারি টেলিফোন, সেলুলার,
ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮' এর ৬ষ্ঠ পরিচ্ছেদের অনুচ্ছেদ ২৯-এ উল্লিখিত প্রাধিকারভুক্ত
কর্মচারীগণের মধ্যে যারা অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী নির্দিষ্ট হারে মোবাইল/সেলুলার ফোন ভাতা প্রাপ্য তাঁরা
মাসিক বেতন বিলের সাথে নিম্নরূপ হারে এ ভাতা উত্তোলন করবেন :

- (ক) অতিরিক্ত সচিব, জেলা ও দায়িত্ব জৰু, যুগ্মসচিব, যুগ্মপ্রধান, প্রাধিকারপ্রাপ্ত!সমর্যাদাসম্পদ
কর্মচারীগণ মোবাইল/সেলুলার ফোন ভাতা (ইন্টারনেট ব্যবহারসহ) বাবদ মাসিক ১,৫০০/- (এক
হাজার পাঁচশত) টাকা ; এবং
- (খ) প্রাধিকারপ্রাপ্ত অন্যান্য কর্মচারীগণ মোবাইল/সেলুলার ফোন ভাতা (ইন্টারনেট ব্যবহারসহ) বাবদ
মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা।
- ২। এ ভাতা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট কর্মচারীকে তাঁর ব্যবহৃত মোবাইল/সেলুলার ফোনের সংযোগ
নম্বরটি সংশ্লিষ্ট দণ্ডের প্রধান/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।
- ৩। অর্থ বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত সরকারি মোবাইলফোন ও মোবাইল ইন্টারনেট ব্যবহারের
জন্য প্রাপ্য ভাতা বিষয়ক এতদ্সংক্রান্ত সকল অফিস স্বারক এতদ্বারা 'বাতিল' করা হলো।


 ২৬/০৬/২০১৮
 (লায়লা মুন্তার্জোরী দীনা)
 উপসচিব
 ফোনঃ ৯৫৬১১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 স্বাস্থ্য সেবা বিভাগ
 প্রশাসন -১ অধিশাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.১৩৭.১১৬.০০.০০৩.২০১৬- ৯৬

তারিখঃ ১১ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ
 ২৭ অক্টোবর, ১৪২৫ বঙ্গাব্দ

অনলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিবিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টেক্সি, মহাখালী, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেলের সকল কর্মকর্তা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার
কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১২। লাইব্রেরিয়ান/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


 ১২-০৭-২০১৮
 (এ. জেড. এম. শারজিল ইসান)
 উপসচিব